



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান

মহাখালী, ঢাকা- ১২১২

ফোন : ২২২২৬২৩৬৭, ২২২২৮১৫৫০, ই-মেইল: [iphn.gov@gmail.com](mailto:iphn.gov@gmail.com)



**স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিদর্শন নির্দেশিকা**  
**(পুষ্টি সংক্রান্ত কার্যাবলীর জন্য)**

পরিদর্শক স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিদর্শনের সময় পুষ্টি সংক্রান্ত কার্যাবলীর জন্য নিম্নোক্ত বিষয়গুলো পর্যবেক্ষণ করুন এবং পরিদর্শন রিপোর্টে মন্তব্য করুন-

**১। আই এম সি আই নিউট্রিশন কর্নার**

ক) আই এম সি আই কর্নারের জন্য নির্দিষ্ট কক্ষ, খ) প্রয়োজনীয় ব্যবহারযোগ্য যন্ত্রপাতি ও উপকরণ সমূহ যেমন ওজন মাপার যন্ত্র, উচ্চতা মাপার যন্ত্র, এ আর আই টাইমার, থার্মোমিটার, MUAC টেপ এবং জি এম পি কার্ড বিদ্যমান গ) সেবা রেজিস্টারের সঠিক ব্যবহার ঘ) সেবা প্রদানকারীর প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য।

**২। জি এম পি কার্ড ব্যবহার**

গ্রোথ মনিটরিং কার্ড সম্পর্কিত পর্যবেক্ষণ ও স্বাস্থ্যসেবা প্রদানকারীর কার্ডের ব্যবহারবিধি সংক্রান্ত প্রশিক্ষণের তথ্য আই এম সি আই কর্নারে পর্যবেক্ষণ করুন ও পরিদর্শন রিপোর্টে লিখুন। পরিদর্শনের সময় নিম্নোক্ত বিষয়গুলো পর্যবেক্ষণ করুন,

ক) ৫ বছরের কম বয়সী শিশুর সঠিক ভাবে ওজন, উচ্চতা এবং MUAC পরিমাপ করা খ) গ্রোথ মনিটরিং কার্ডে তথ্য সমূহ বসিয়ে সঠিক ভাবে চিত্রায়ন করা।

**৩। স্যাম কর্নার**

ক) স্যাম কর্নারের জন্য নির্দিষ্ট ২টি বেড বরাদ্দ, খ) প্রয়োজনীয় ব্যবহারযোগ্য যন্ত্রপাতি ও উপকরণ সমূহ যেমন, শিশুর ওজন ও উচ্চতা মাপার স্কেল (ওয়েইটিং স্কেল), এ আর আই টাইমার, MUAC টেপ, গ) F-75 ও F-100 বা থেরাপেটিক ফুড, থেরাপেটিক মিল্ক এর প্রস্তুতির ব্যবস্থা (পাত্র, কাপ, খাওয়ানোর বোতল) ঘ) সেবা রেজিস্টারের সঠিক ব্যবহার ঙ) সেবা প্রদানকারীর প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য।

**৪। এ এন সি/পি এন সি কর্নার**

ক) এ এন সি/পি এন সি কর্নারের জন্য নির্দিষ্ট স্থান খ) প্রয়োজনীয় ব্যবহারযোগ্য যন্ত্রপাতি ও উপকরণ সমূহ যেমন প্রেসার মাপার মেশিন, ওজন মাপার যন্ত্র, থার্মোমিটার গ) আয়রন - ফলিক এবং ক্যালসিয়াম ট্যাবলেট ঘ) কাউন্সেলিং সেশন চলমান থাকলে পর্যবেক্ষণ করুন ঙ) গর্ভবতী সেবা রেজিস্টার, প্রসব পরবর্তী সেবা রেজিস্টার, এ এন সি কার্ডের সঠিক ব্যবহার চ) গর্ভকালীন ভিজিটের পোস্টার, গর্ভাবস্থায় ও প্রসব পরবর্তী বিপদ চিহ্নের পোস্টার আছে কি না লক্ষ করুন ছ) সেবা প্রদানকারীর প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য।

**৫। মাতৃদুগ্ধ বিকল্প আইন প্রতিপালন**

মাতৃদুগ্ধ বিকল্প আইন প্রতিপালন বিষয়ক পর্যবেক্ষণের জন্য পরিদর্শক আরএমও বা উপযুক্ত প্রতিনিধির সাথে যোগাযোগ করবেন।

**৬। পুষ্টি সংক্রান্ত এসবিসি উপকরণ ও কার্যক্রম**

ক) পুষ্টি সংক্রান্ত পোস্টার, ফ্লিপ চার্ট, লিফলেট পর্যবেক্ষণ করুন খ) ওয়েটিং রুমে একক বা দলীয় আলোচনা চলমান থাকলে তা পর্যবেক্ষণ করুন গ) ওয়েটিং রুমে কোন ডিজিটাল স্ক্রিন ব্যবহার করে পুষ্টি সংক্রান্ত তথ্য প্রদর্শনের করা হয় কিনা তা পর্যবেক্ষণ করুন

**৭। বিবিধ/অন্যান্য পর্যবেক্ষণ**

স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানটিতে পুষ্টি সংক্রান্ত কার্যাবলীর অন্য যেকোনো বিষয় সম্পর্কিত পর্যবেক্ষণ ও তার মন্তব্য এই অংশে লিখুন।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান  
মহাখালী, ঢাকা- ১২১২



ফোন : 222262367, 222281550, ই-মেইল: [iphn.gov@gmail.com](mailto:iphn.gov@gmail.com)

### পরিদর্শন রিপোর্ট

পরিদর্শনকারী নাম ও পদবি :	
পরিদর্শন স্থান:	
পরিদর্শনের তারিখ:	

জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান থেকে নিম্নবর্ণিত বিষয়াদি পরিদর্শন করা হলো:

ক্রমিক নং	পরিদর্শনের বিষয়	মন্তব্য
১	আই এম সি আই নিউট্রিশন কর্নার:	
২	জি এম পি কার্ড ব্যবহার	
৩	স্যাম কর্নার	
৪	এ এন সি কর্নার	
৫	মাতৃদুগ্ধ বিকল্প আইন প্রতিপালন	
৬	পুষ্টি সংক্রান্ত এসবিসি উপকরণ ও কার্যক্রম	
৭	বিবিধ/অন্যান্য পর্যবেক্ষণ	

প্রত্যয়নকারী:

পরিদর্শনকারী: